




সিটি অব ডেট্রয়েট COVID-19 সংক্রান্ত নির্দেশনা

**আপনার রেস্টুরেন্ট/বার পুনরায় খোলার জন্য 11টি ধাপ**

**COVID-19 এর জন্য প্রস্তুতি এবং করণীয় সম্পর্কে একটি পরিকল্পনা তৈরি করুন যাতে থাকবে:**

- কর্মচারীদের পরীক্ষা করানোর পদ্ধতি
- কর্মচারীদের স্বাস্থ্য পরীক্ষা ও পর্যবেক্ষণ পদ্ধতি
- কাজের স্থানে আচরণের পদ্ধতি
- ব্যক্তিগত সুরক্ষা উপকরণ ব্যবহার পদ্ধতি
- কর্মস্থল এবং যানবাহন পরিষ্কারের পদ্ধতি



**নিম্নোক্ত বিষয়ে কর্মচারীদেরকে COVID-19 প্রশিক্ষণ দিন:**

- কর্মক্ষেত্রে সংক্রমণ-রোধ করার অনুশীলন এবং পরিষ্কার রাখার পদ্ধতি।
- ব্যক্তিগত সুরক্ষা উপকরণের যথাযথ ব্যবহার
- কর্মচারীদের কারো COVID-19 এর কোন লক্ষণ দেখা দিলে অথবা কোভিড-19 নিশ্চিত হলে অবশ্যই তাদের ব্যবসা প্রতিষ্ঠানে জানানোর পদক্ষেপ নিতে হবে
- অনিরাপদ কাজের পরিস্থিতি কীভাবে রিপোর্ট করতে হবে
- লক্ষণযুক্ত গ্রাহকদের প্রবেশ কীভাবে নিয়ন্ত্রণ করতে হবে



**অতিথির আপ্যায়নকারী এবং পরিবেশনকারীদেরকে খাবার গ্রহণের স্থানে মাস্ক এবং রান্নার অঞ্চলে মাস্ক ও গ্লাভস পরিধান করতে হবে।**



**যদি কোনো কর্মীর COVID-19 এর একাধিক লক্ষণ দেখা যায় তবে অবিলম্বে বারটি বন্ধ করুন এবং খুব ভালভাবে পরিষ্কার করুন।**

50%

স্বাভাবিক ধারণক্ষমতার 50% খালি রাখুন



ভৌত প্রতিবন্ধক স্থাপন করে, টেবিলগুলি ছড়িয়ে ছিটিয়ে রেখে, এবং মেঝে বা চলাচলের জায়গাগুলিতে নির্দেশনা দ্বারা গ্রাহক ও কর্মচারীদের মধ্যে ছয় ফুট শারীরিক দূরত্ব বজায় রাখুন

অপেক্ষার স্থানগুলো এবং স্ব-পরিবেশন করা খাবার বা পানীয়ের ব্যবস্থা বন্ধ রাখুন এবং গ্রাহকদের ভাগাভাগি করে খাওয়ার আইটেমগুলি সীমিত করুন




গ্রাহকদের মুখের মাস্ক পরা আবশ্যিক এবং গ্রাহকরা অসুস্থ থাকলে প্রবেশ করতে দেওয়া হবে না এ মর্মে নির্দেশনা ফলক লাগাতে হবে




প্রত্যেক গ্রাহককে সেবা করার পরে অধিক সংস্পর্শে আসা এলাকাগুলিকে পরিষ্কার করুন, যেমন টেবিল, মেনু, মূল্যপরিশোধ করার যন্ত্রাদি, এবং মশলার পাত্র প্রভৃতি।



COVID-19 এর বিস্তার রোধ করতে স্টোরটি যে সাবধানতা অবলম্বন করছে সে সম্পর্কে গ্রাহকদের অবহিত করুন। গ্রাহকদের জন্য যোগাযোগের সামগ্রী যেমন সাইন বা প্রচারপত্র তৈরি করুন।



নগর কর্তৃপক্ষের অনুমোদিত বহিরাঙ্গনে বসার জায়গায় ওভারহেড সুরক্ষাসামগ্রী স্থাপন করুন



মিশিগান রাজ্যের নির্বাহী আদেশ 2020-96 এবং 2020-97 অনুসারে নির্দেশনাগুলি তৈরি করা হয়েছে।